দৈনিক সংবাদ

তারিখ 01 NOV 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

৪৭

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৭ই নভেম্বর পর্যন্ত ক্লাস ও পরীক্ষা স্থগিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট আগামী ৭ই নভেম্বর পর্যন্ত বিশ্ব-বিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষা পুনরায় স্থগিত ঘোষণা করেছে।

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত সিণ্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সিণ্ডিকেটের এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য সিণ্ডিকেটকে জানান, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ১লা নভেম্বরের মধ্যে সন্ত্রাস দমনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করা হলে ২রা নভেম্বর থেকে কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নিয়েছে। সমিতির সাধারণ সম্পাদক আগামী ৭ই নভেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস এবং

বিশ্ববিদ্যালয় : পৃঃ ৮ কঃ ৮

## ঢাকা বিশ্ববিদ্যালয় : ক্লাস স্থগিত

( ১ম পাতার পর )

পরীক্ষাও স্থগিত রাখার অনুরোধ জানিয়েছেন। সিণ্ডিকেট শিক্ষক সমিতির সভার সিদ্ধান্ত ও বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি বিস্তারিত আলোচনার পর ক্লাস ও পরীক্ষা স্থগিত রাখার উপরোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে।

সভায় গত রোববার ক্যাম্পাসে সন্ত্রাসী কার্যকলাপের ফলে যাদের মৃত্যু হয়েছে তার সুষ্ঠু তদন্ত এবং অপরাধীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্যে সরকারের প্রতি দাবী জানানো হয়।

সভায় মিজানুর রহমান মিজানের মৃত্যুতে শোক প্রকাশ ও তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।

### শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভায় আজ শুক্রবারের মধ্যে সন্ত্রাস দমনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করা হলে শনিবার থেকে শিক্ষকদের কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সমিতির সভাপতি আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, সন্ত্রাস দমনের প্রাথমিক দায়িত্ব সরকারের। এ পর্যন্ত সরকার সন্ত্রাস দমনে কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হয়েছে।